# বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক জোরদারে ফলপ্রসূ আলোচনা: সার্জিও গর



ছবি: সংগৃহীত

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক আরও শক্তিশালী করার উপায় নিয়ে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশেষ দূত সার্জিও গর।

বৃহস্পতিবার (৩০ জুলাই) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) নিজের ভেরিফায়েড অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে তিনি এ তথ্য জানান।

পোস্টে সার্জিও গর বলেন, বাংলাদেশে এটি তার প্রথম সফর এবং এ সফরে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে সাক্ষাৎ করতে পেরে তিনি আনন্দিত। তিনি উল্লেখ করেন, দুই দেশের সম্পর্ক আরও জোরদার করতে পারস্পরিক সহযোগিতার বিভিন্ন দিক নিয়ে তাদের মধ্যে ফলপ্রসূ আলোচনা হয়েছে।

তিনি আরও জানান, বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কের ক্ষেত্রে সামনে ইতিবাচক অগ্রগতি ও নতুন সম্ভাবনা রয়েছে বলে তিনি আশাবাদী।

উল্লেখ্য, তিন দিনের সফরে বৃহস্পতিবার দুপুরে ঢাকায় পৌঁছান ভারতে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশেষ দূত সার্জিও গর। নির্ধারিত সফর শেষে আগামী শনিবার তিনি দিল্লির উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন।

LENS ASIA